# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, আবুয যুবাইরে হাদীস যা আমরা উল্লেখ করলাম, সেটা হাম্মাদ বিন সালামাহ একককভাবে বর্ণনা করেছেন- তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن خَبَرَ أَبِي الزُّبَيْرِ الَّذِي ذَكَرْنَاهُ تَفَرَّدَ بِهِ حَمَّادُ بْنُ سَلَمَةَ

---

আরবী

2685 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ أَبُو الرَّبِيعِ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عَنِ ابْنِ جُرَيْجٍ أَنَّ أَبَا الزُّبَيْرَ أَخْبَرَهُ أَنَّ عَلِيًّا الْأَسَدِيَّ أَخْبَرَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ عَلَّمَه: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا اسْتَوَى عَلَى بَعِيرِهِ خَارِجًا إِلَى سَفَرٍ كَبَّرَ ثَلَاثًا وَقَالَ: {سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ} [الزخرف: 13] اللَّهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِي سَفَرِنَا هَذَا الْبِرَّ وَالتَّقْوَى وَمِنَ الْعَمَلِ مَا تَرْضَى اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا سَفَرَنَا هَذَا وَاطْوِ عَنَّا بُعْدَهُ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَرِ وَسُوءِ الْمُنْقَلَبِ فِي الْأَهْلِ وَالْمَالِ وَالْوَلَدِ) فَإِذَا رَجَعَ قَالَهُنَّ وَزَادَ فِيهِنَّ: (آيِبُونَ تَائِبُونَ عَابِدُونَ لِرَبِّنَا حامدون)
الراوي : عَلِيّ الْأَسَدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2685 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود) (2340).

বাংলা

২৬৮৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর করার উদ্দেশ্যে তাঁর বাহনে আরোহন করতেন, তখন তিনি তিনবার তাকবীর দিতেন এবং বলতেন, {سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ} [الزخرف: 13] اللَّهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِي سَفَرِنَا هَذَا الْبِرَّ وَالتَّقْوَى وَمِنَ الْعَمَلِ مَا تَرْضَى اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا سَفَرَنَا هَذَا وَاطْوِ عَنَّا بُعْدَهُ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي

الْأَهْلِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَرِ وَسُوءِ الْمُنْقَلَبِ فِي الْأَهْلِ وَالْمَالِ وَالْوَلَدِ (ঐ সত্তার পবিত্রতা ঘোষনা করছি, যিনি আমাদেরকে এটি বশীভূত করে দিয়েছেন। আমরা অবশ্যই এদের বশীভূতকারী ছিলাম না। –সূরা যখরুফ: ১৩।

হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আমার এই সফরে পুণ্য, তাকওয়া ও এমন আমল চাচ্ছি, যাতে আপনি সন্তুষ্ট হবেন। হে আল্লাহ, আপনি আমাদের সফরকে সহজ করে দিন ও এর দুরত্বকে সংকুচিত করে দিন। হে আল্লাহ, আপনিই (আমার) সফর-সঙ্গী, আমার পরিবারের তত্ত্বাবধায়ক। হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাই সফরের কষ্ট-ক্লেশ, অপ্রীতিকর দৃশ্য ও সন্তান, সম্পদ ও পরিবারে মন্দ পরিবর্তন থেকে)।

আর যখন সফর থেকে ফিরে আসতেন, তখন উক্ত দু‘আ বলতেন সাথে আরো বাড়িয়ে বলতেন, آيبون تائبون لربنا حامدون (আমরা তাওবাকারী, প্রত্যাবর্তনকারী এবং আমাদের প্রভুর প্রশংসাকারী।)”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৪৪; তিরমিযী: ৩৪৪৭; দারেমী: ২/২৮৫; হাকিম:২/২৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন